গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৮.০০১.২৫.৫০ তারিখঃ ২৭ মার্চ ২০২৫ খ্রি:

বিষয়ঃ প্রতি মাসের প্রথম দিকে মূসক দাখিলপত্র (মূসক-৯.১) iVAS System-এ দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৬৪ অনুসারে, কোনো কর-মেয়াদ সমাপ্ত হওয়ার ১৫ দিনের মধ্যে এবং ১৫তম দিন ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসের মধ্যে দাখিলপত্র দাখিল করার বিধান রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, করদাতাগণ শেষ সময়ে অর্থাৎ ১৩/১৪/১৫ তারিখে অনলাইনে রিটার্ন দাখিল করার জন্য iVAS System-এ প্রবেশ করে। ফলে, সিস্টেম লোড নিতে না পারার কারণে ধীরগতি সম্পন্ন হয়ে যায়। তখন রিটার্ন দাখিল করতে বেশ জটিলতা সৃষ্টি হয়। প্রতি মাসের ১৩/১৪/১৫ তারিখের দিকে অংশীজনেরা সোস্যাল মিডিয়াতে নানা ধরনের মন্তব্য করতে থাকেন এবং iVAS System-এর সক্ষমতা বৃদ্ধির জন্য অনুরোধ করতে থাকেন।

০২। উল্লেখ্য, iVAS System-এর সক্ষমতা বৃদ্ধি সময়সাপেক্ষ বিষয়। সিস্টেমটির সফটওয়্যার এবং হার্ডওয়্যার গুলো প্রায় ১০ (দশ) বছরের পুরাতন। সিস্টেম আপগ্রেড করার জন্য বিশ্বব্যাংকের অর্থায়নে একটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। সরকার বর্তমানে আর্থিক ক্ষেত্রে কৃচ্ছতার নীতি অনুসরণ করছে। iVAS System আপগ্রেড করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং ক্রয়প্রক্রিয়া সম্পন্ন করতে আনুমানিক ১/২ বছর সময়ের প্রয়োজন হতে পারে। এ সময়ে iVAS System ব্যবহারকারী সবাই যদি সচেতন হন এবং iVAS System-এর সীমাবদ্ধতার কারণে সৃষ্ট জটিলতা উত্তরণে নিজের করণীয়টুকু করেন তাহলে দাখিলপত্র দাখিলের শেষ সময়ে এই জটিলতা নিরসণ করা অনেকটাই সম্ভব হবে। সে লক্ষ্যে আমরা নিজ নিজ অবস্থান থেকে নিম্নের পদক্ষেপসমূহ গ্রহণ করতে পারিঃ

ক) সংশ্লিষ্ট কর মেয়াদে যে সকল প্রতিষ্ঠানে কোনো অর্থনৈতিক কার্যক্রম নেই সেসব প্রতিষ্ঠান মাসের প্রথম সপ্তাহের মধ্যে দাখিলপত্র দাখিল করতে পারে।

খ) সংশ্লিষ্ট কর মেয়াদে যেসব প্রতিষ্ঠানের প্রদেয় ভ্যাটের পরিমাণ বেশি নয়, সেসব প্রতিষ্ঠান মাসের ১০ তারিখের মধ্যে দাখিলপত্র দাখিল করতে পারে।

গ) যে সকল প্রতিষ্ঠানের প্রদেয় কর এর পরিমাণ বেশি হওয়ার কারণে অর্থ সংগ্রহ করতে বিলম্ব হয়, সেসব প্রতিষ্ঠান আগে থেকেই ভ্যাট রিটার্নের তথ্য এন্ট্রি দিয়ে সিস্টেমে ড্রাফট সেভ করে রাখতে পারে। তাহলে শেষ সময়ে এন্ট্রি দেয়ার জন্য সিস্টেমে বেশি সময় অবস্থান করার প্রয়োজন হবে না।

ঘ) সকল প্রতিষ্ঠান মাসের প্রথম দিকে রিটার্নের তথ্য সিস্টেমে এন্ট্রি দিয়ে ড্রাফট সেভ করে রাখতে পারে।

ঙ) সম্প্রতি প্রতিষ্ঠানের ব্যবহৃত সফটওয়্যারের সাথে iVAS System-এ ভ্যাট রিটার্ন ইন্টিগ্রেশন এবং স্বয়ংক্রিয়ভাবে iVAS System-এ রিটার্ন দাখিল করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই পদ্ধতি অবলম্বন করলে আলোচ্য সমস্যার নিরসণ হবে। এ বিষয়ে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলোঃ

১। জনাব মোঃ শামীম-উল-ইসলাম, সিস্টেম এনালিস্ট
মোবাইল: ০১৮৪১-৬৬৭৭৯৭
mail: nbrshamim@gmail.com
২। জনাব মু. রাসেল পারভেজ, সিনিয়র প্রোগ্রামার
মোবাইল: ০১৭৩৭-০৪৫৪৭১
mail. parveziceiu@gmail.com